Department of Education
Chancellor Richard A. Carranza

26 জুন, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমাদের বেশীরভাগের জীবদ্দশায় যে অভিজ্ঞতা হয়েছে, সেই তুলনায় সবচেয়ে চ্যালেঞ্জপূর্ণ, সবচেয়ে প্রগাঢ় শিক্ষা বছরের আজ হচ্ছে শেষ দিন। আপনার প্রচেষ্টায় আমি বিনম্র এবং আপনাদের সন্তান—আমাদের উজ্জ্বল শিক্ষার্থীবৃন্দের জন্য আমি গর্বিত।

আমি জানি গত সেপ্টেম্বর মনে হচ্ছে যেন কত বছর পেরিয়ে গেছে, এবং ঐ সময়টিকে এখন বলা হয় "COVID-এর আগে" আর "COVID-এর পরে"। এটা মনে রাখতে হয়ত কঠিন হবে, কিন্ত বিশ্বব্যাপী এই সংক্রমণ আমাদের জীবন ওলট-পালট করে দেয়ার আগে, আমরা সিটি জুড়ে অধিকতর প্রি-K ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষা) প্রোগ্রাম চালু করেছি, আমাদের রেকর্ড সংখ্যক শিক্ষার্থীদের কলেজে এনরোল করতে দেখেছি, এবং কমিউনিটি স্কুলগুলো আমাদের শিক্ষার্থীদের জীবন কতটুকু উন্নতিমূলক পরিবর্তন করেছে তা জেনেছি—এগুলো আমাদের অনেক অর্জনের মাত্র কয়েকটি। এগুলো সবগুলোর এখনো গুরুত্ব আছে কারণ আমাদের ছেলেমেয়েদের উপর এটা বাস্তব-জীবনে, ইতিবাচক প্রভাব ফেলে।

এবং এরপর, হঠাৎ করে, সোমবার, 16 মার্চ উপস্থিত হয়, এবং কোরোনাভাইরাস দেশের সর্ব বৃহৎ স্কুল সিস্টেমটিকে নতুনভাবে ভাবনা করতে বাধ্য করে, সকল স্কুল ভবন বন্ধ করতে হয় এবং 1.1 মিলিয়ন শিক্ষার্থীকে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) উত্তরণ করতে হয়। আমার কাছে, আগের চেয়ে "COVID-এর পরের" সময়টি অসম্ভব চিত্তাকর্ষক হয়ে গেছে। আমি এটা জানি কারণ গত তিন মাস আমি দেখছি আপনাদের সন্তানরা আপনার রান্নাঘরে বৈজ্ঞানিক পরীক্ষা করেছে, আপনার লিভিং রুমে যুক্তরাষ্ট্রের সংবিধান বিষয়ক বিতর্ক স্প্যানিশ ভাষায় করেছে, এবং ব্যান্ড (দলীয় বাদ্য) অনুশীলন ও শেকস্পিয়ার আয়ত্তে জুম (Zoom)-এ অংশগ্রহণ করেছে।

কোরোনাভাইরাসের কারণে আপনি, আপনার পরিবার, এবং আপনার কমিউনিটি যখন প্রভাবিত হয়েছে, এর মাঝেই আপনাদের সন্তানরা এই অসাধারণ কৃতিত্ব অর্জন করেছে। দুঃখজনকভাবে, COVID-19-এর কারণে, আমাদের পরিবারের কাছের মানুষদের পাশাপাশি 79 জন ডিপার্টমেন্ট অভ এডুকেশন কর্মিবৃন্দকে আমরা হারিয়েছি। আমাদের প্রিয়জন, বন্ধুবান্ধব, আর সহকর্মিরা যারা আমাদের জীবন ও কাজ অর্থবহ করেছে, তাদেরকে ছাড়া আমরা কখনোই আগের মত হব না। আমরা কখনোই তাদের একজনকেও ভুলে যাবো না। তারা আমদের হৃদয়ে, আমাদের স্মৃতিতে, এবং আমাদের ছেলেমেয়েদের মাঝে বেঁচে থাকবেন।

আমি সবসময়ই বলি যে পিতামাতা আর পরিবার হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার, কিন্তু এই বছর এটা অনেক বেশি সত্য প্রমাণিত হয়েছে, কারণ আপনারা আপনাদের সন্তানের শিক্ষক, কোচ, ও এই অনিশ্চিত বিশ্বে অব্যাহত উপস্থিতিতে পরিণত হয়েছেন। আপনাদের সন্তানদের সম্পূর্ণ গতানুগতিক সময়সূচির জন্য আপনাদের জীবনও ওলট-পালট হয়ে গেছে। আমি জানি আপনারা তাদের জন্য কতটা ত্যাগ স্বীকার করছেন, তাদের ভবিষ্যত নিয়ে কতটা উদ্বিগ্ন, এবং তাদের জন্য আপনার ভালবাসা কতটা গভীর। বাড়িতে আপনার ছেলেমেয়ের লেখাপড়ার সহায়তায় আপনার প্রচেষ্টার জন্য আমি আপনাকে ধন্যবাদ দিয়ে শেষ করতে পারবো না।

সাম্প্রতিক সপ্তাহগুলোতে, আমাদের সিটি ও দেশ যখন উত্তপ্ত হয়ে আছে এবং যাদের দায়িত্ব সেবা ও সুরক্ষা দেয়া, তাদের হাতে কৃষ্ণাঙ্গদের বর্বরোচিত প্রাণহানীতে সবাই মর্মাহত, তখন আপনি শিক্ষা অব্যাহত রেখেছেন। আমাদের সকলের জন্য এটা একটি মর্মপীড়াদায়ক সময়। পদ্ধতিগত বর্ণবাদ এই দেশে শ্বেতাঙ্গ ভিন্ন অন্য বর্ণের মানুষদের বিপদগ্রস্থ করে; এতে কোনো বিতর্কের অবকাশ নেই; এবং সেইসব নিউ ইয়র্কবাসীর জন্য সত্যিকারের পরিবর্তন আবশ্যই শুরু হতে হবে আমাদের স্কুলগুলোতে।

আমি অঙ্গীকার করছি যে আমরা এই বছর যা শিখেছি এবং পদ্ধতিগত বৈষম্য যা এই সঙ্কট আরো বেশি উন্মোচন করেছে তা দূর করতে আরো জোরালোভাবে কাজ করবো। এতে অন্তর্ভুক্ত অব্যাহতভাবে একটি দৃঢ়, অন্তর্ভুক্ত, ন্যায্য, ও বর্ণবাদহীন শিক্ষা ব্যবস্থা অব্যাহতভাবে গড়ে তুলবো। আমি অঙ্গীকার করছি যে আমরা অব্যাহতভাবে আপনার সন্তানের কৃতিত্ব ও অর্জনের প্রতি মনোনিবেশ ও উদ্‌যাপন করবো। আমি অঙ্গীকার করছি যে আমি আপনাদের ও আপনাদের সন্তানদের পাঁশে থাকবো, এক মূহুর্তের জন্যেও তার ব্যত্যয় হবে না—আমাদের সম্মুখে যে কোনো চ্যালেঞ্জই আসুক না কেন। পরবর্তী কয়েক মাসে, আমাদের পরিবারদের সক্রিয়ভাবে

**Department of Education**
Chancellor Richard A. Carranza

পরিষেবা দিতে আমরা সামার স্কুল, মিল হাব, রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার, এবং ইমার্জেন্সী চাইল্ড কেয়ার সেন্টারসমূহ পরিচালনা করবো। আমি অঙ্গীকার করছি যে আপনাদের সন্তান যে শিক্ষা দাবি করছে ও প্রাপ্য—একটি শিক্ষা যা তাদের সুশিক্ষিত, দায়িত্ববান, দয়াশীল প্রাপ্তবয়স্ক হয়ে উঠতে সক্ষম করবে এবং বিশ্বকে পরিবর্তন করতে সুসজ্জিত করবে।

আমি জানি এই ফল-এ (হেমন্তে) শিক্ষা ব্যবস্থা কেমন হবে তা জানতে আপনারা বৈধভাবে উদ্বিগ্ন। আমাদের আসনগুলোতে অবস্থিত এক মিলিয়নের বেশি ছেলেমেয়েদের জন্য একটি বলিষ্ঠ পরিকল্পনা তৈরি করতে আমরা দিন-রাত কাজ করে যাচ্ছি। আসন্ন সপ্তাহগুলোতে আপনি আরো তথ্য পাবেন—এতে অন্তর্ভুক্ত স্কুলের প্রথম দিন—যখন আমরা স্টেট ও ফেডারেল সরকারের কাছ থেকে প্রয়োজনীয় পথনির্দেশনা পাবো যা আমাদের পরিকল্পনা চূড়ান্ত করতে পথ খুলে দেবে। আমাদের আপনার পথনির্দেশনাও প্রয়োজন! 2020-এর ফল (হেমন্ত) আপনি কেমন চাইছেন অনুগ্রহ করে তা আমাদের জানাতে আমদের স্কুলে ফেরা সংক্রান্ত জরিপটি (রিটার্ন টু স্কুল সার্ভে) schools.nyc.gov/returntoschool2020 -সাইটে মঙ্গলবার, 30 জুন-এর মধ্যে পূরণ করুন। এটা আমরা যখন স্কুলে ফিরে আসবো তখন সকলের চাহিদা পূরণে সহায়তা করবে।


আমরা একসাথে যা পার করে এসেছি, তারপর আমরা আমাদের শিক্ষার্থীদের অসাধারণ অর্জন উদ্‌যাপন না করে শিক্ষা বছরটি শেষ করতে পারি না। 30 জুন, 2020 ক্লাসকে উদ্‌যাপন করতে, একটি সিটিব্যাপী গ্র্যাজুয়েশন উৎসবে আমি আপনাদের আমার; মেয়র ডি ব্লাসিও; প্রাক্তন NYC পাবলিক স্কুল শিক্ষার্থী ও শিক্ষকগণ; লিন-ম্যানুয়েল মিরান্ডা; এবং অন্যান্য খ্যাতিমান ব্যক্তিদের সাথে যোগদান করতে আমন্ত্রণ জানাচ্ছি। আপনি এটা উপভোগ করতে পারবেন সন্ধ্যা 7 p.m. থেকে, চ্যানেল PIX 11 এবং nycclassof2020.com সাইটে। অনুগ্রহ করে আমাদের সাথে যোগ দিন!

এবং আমাদের শিক্ষার্থীদের জন্য আরো একটি চমকপ্রদ ব্যাপার: আমরা DOE পরিবারের সকল বয়সীদের জন্য এই গ্রীষ্মে আরো অধিক সংখ্যক ই-বুকস্ এবং অডিওবুকস্ দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত, এবং এগুলো এখন হাতে পাওয়া অত্যন্ত সহজ। শুধুমাত্র আপনার শিক্ষার্থীর DOE লগইন ব্যবহার করুন; কোনো সাইনআপ প্রয়োজন নেই। শেখা অব্যাহত রাখা আর কল্পনাকে সুদুর প্রসারী করার জন্য গ্রীষ্মকালীন রিডিং অত্যন্ত গুরুত্বপূর্ণ, সুতরাং অনুগ্রহ করে এই চমৎকার রিসোর্সগুলো খুঁজতে schools.nyc.gov/summerreading ভিজিট করুন। যদি আপনি একটি DOE-ইস্যুকৃত আইপ্যাড পেয়ে থাকেন, এই পাঠগুলো পেতে সেটায় আপনাআপনিভাবে সোরা (Sora) অ্যাপটি ইনস্টল করা থাকবে—কিন্তু সোরা ব্যবহার করতে আপনার একটি DOE-ইস্যুকৃত ডিভাইসের প্রয়োজন নেই। আপনি যেকোনো ডিভাইসে অ্যাপটি ডাউনলোড করতে পারেন, আপনার শিক্ষার্থীর DOE লগইন ব্যবহার করুন, এবং পড়া শুরু করুন।

আমি প্রায়শই বলি যেকোনো স্থান থেকে আমাদের সবচেয়ে সেরা শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবার রয়েছে। এই বছর, সন্দেহাতীতভাবে আপনি তা সত্যি প্রমাণ করেছেন। একটি অধিকতর ভালো বিশ্ব গড়ে তুলতে আপনি আমাদের সহায়তা করছেন। আপনার প্রতি আমরা আজ এবং প্রতিদিন কৃতজ্ঞ।

একটি চমৎকার গ্রীষ্ম উপভোগ করুন। আমরা আপনাদের সাথে সেপ্টেম্বরে মিলিত হতে অধীর আগ্রহে অপেক্ষা করছি।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

T&I 31557 (Bangla/Bengali)